# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১২৫

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩. কোন ব্যক্তি ঘুম থেকে উঠার পর তার দুই হাত ধৌত করবে

بَابُ غَسْلِ الْيَدَيْنِ لِمَنِ اسْتَيْقَظَ مِنْ نَوْمِهِ

আরবী

نَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا أَحْمَدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ وَهْبٍ ، نَا عَمِّي ، نَا ابْنُ لَهِيعَةَ وَجَابِرُ بْنُ إِسْمَاعِيلَ الْحَضْرَمِيُّ ، عَنْ عُقَيْلٍ ، عَنِ ابْنِ شِهَابٍ ، عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ ، عَنْ أَبِيهِ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " إِذَا اسْتَيْقَظَ أَحَدُكُمْ مِنْ مَنَامِهِ ، فَلَا يُدْخِلْ يَدَهُ فِي الْإِنَاءِ حَتَّى يَغْسِلَهَا ثَلَاثَ مَرَّاتٍ ؛ فَإِنَّهُ لَا يَدْرِي أَيْنَ بَاتَتْ يَدُهُ مِنْهُ ، أَوْ أَيْنَ طَافَتْ يَدُهُ " ، فَقَالَ لَهُ رَجُلٌ : أَرَأَيْتَ إِنْ كَانَ حَوْضًا ؟ فَحَصَبَهُ ابْنُ عُمَرَ ، وَقَالَ : أُخْبِرُكَ ، عَنْ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، وَتَقُولُ : أَرَأَيْتَ إِنْ كَانَ حَوْضًا ؟ . إِسْنَادٌ حَسَنٌ

বাংলা

১২৫(৩). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... সালেম ইবনে আবদুল্লাহ (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ ঘুম থেকে উঠে তার হাত তিনবার না ধোয়া পর্যন্ত যেন তা পানির পাত্রে প্রবেশ না করায়। কেননা তার জানা নেই, তার হাত কোথায় রাত কাটিয়েছে অথবা তার হাত কোথায় ঘুরেছে। এক ব্যক্তি ইবনে উমার (রাঃ)-কে বলল, আপনি কি মনে করেন, যদি তা চৌবাচ্চা হয়? তাতে ইবনে উমার (রাঃ) অসন্তুষ্ট হলেন এবং বললেন, আমি তোমার নিকট রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর হাদীস বর্ণনা করছি। আর তুমি বলছো, তা যদি চৌবাচ্চা হয়? হাদীসের সনদ হাসান।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🔲 বর্ণনাকারীঃ সালিম ইবনু ‘আবদুল্লাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79914

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন